# টেন্ডার ডকুমেন্ট

## Canal re-excavation

বাস্তবায়নে: **জাগোনারী**

আর্থিক ও কারিগরী সহায়তায়: কেয়ার বাংলাদেশ।

**দরপত্র আহ্বানের তারিখঃ ৬/০৪/২০২৪ ইং**

| | |
|---|---|
| *সেকশন-১* | *ভূমিকা* |
| *সেকশন-২* | *বিবরন* |
| *সেকশন-৩* | *দর দাতার যোগ্যতা/ধরণ* |
| *সেকশন-৪* | *দরপত্র দাখিলের শর্তাবলী* |
| *সেকশন-৫* | *দরপত্র অনুযায়ী কাজ প্রদানের ক্ষেত্রে শর্তাবলী* |
| *সেকশন-৬* | *বিওকিউ* |

**সেকশনঃ ০১ *ভূমিকা***

১৯৯৮ সালে মহিলা বিষয়ক অধিদপ্তরের নিবন্ধন নিয়ে নারীর ক্ষমতায়ন এবং সক্ষমতা বৃদ্ধি সহ বিভিন্ন কার্যক্রমের মাধ্যমে জাগোনারী'র যাত্রা শুরু হয়। একটি পক্ষপাতশুন্য, সক্ষম, গণতান্ত্রিক এবং শান্তিপূর্ণ সমাজ স্থাপন করা, যেখানে দেশের প্রতিটি নাগরিক কোনরকম দারিদ্রতা এবং অবিচার ছাড়াই মর্যাদার সাথে তাদের জীবনের অধিকার উপভোগ করবে। দরিদ্র ও সামাজিক এবং আর্থিকভাবে সংকটপূর্ণ মানুষ, বিশেষ করে নারী এবং শিশুদের সহযোগিতা করা, বাংলাদেশের শহুরে এবং গ্রামীণ জনগোষ্ঠীর জীবনযাত্রার মান উন্নয়ন করার জন্য কার্যকরী পদক্ষেপ গ্রহন এবং বিভিন্ন অধিকার বিষয়ক পরিষেবার মাধ্যমে দারিদ্রতা এবং বৈষম্য দূর করা, এই পরিষেবাগুলি প্রধানত সুরক্ষা, শিক্ষা, স্বাস্থ্যসেবা, দক্ষতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ, আর্থ-সামাজিক উন্নয়ন এবং সমাজের প্রতিটি স্তরে অংশগ্রহণ। সেবাগুলো এমনভাবে লক্ষ্যিত জনগোষ্ঠির কাছে পৌছানো হয়, যাতে তাদের সংস্কৃতি, বিশ্বাস এবং মুল্যবোধকে শক্তিশালী করে এবং ন্যায্যভাবে, প্রাসঙ্গিকভাবে এবং বৈষম্য ছাড়াই তারা তা উপভোগ করে।

ভৌগোলিক অবস্থান এবং জলবায়ুগত পরিস্থিতির জন্য বাংলাদেশ বিশ্বের অন্যতম দুর্যোগপ্রবণ দেশ হিসেবে পরিচিত। বর্তমানে জলবায়ু পরিবর্তনের কারণে বাংলাদেশে ক্রমান্নয়ে প্রলয়ঙ্কারী এবং ক্ষতিসাধনকারী দুর্যোগের প্রভাব বেড়ে চলেছে। বছরের পর বছর ধরে ঘূর্ণিঝড়, বন্যা, নদী-ভাঙন এবং অন্যান্য প্রাকৃতিক দুর্যোগ ব্যাপকভাবে জীবন, সম্পদ, অবকাঠামো এবং জীবিকার ক্ষতিসাধন করছে। PRODRIPTA (প্রদৃপ্ত) প্রকল্পের মাধ্যমে পটুয়াখালী দুর্যোগ-প্রবণ জেলা কর্ম এলাকা হিসাবে চিহ্নিত করা হয়েছে। পটুয়াখালী জেলা ক্রান্তীয় ঘূর্ণিঝড়, অন্যান্য ঝড়বৃষ্টি, জলোচ্ছ্বাস এবং লবণাক্ততার জন্য ঝুঁকিপূর্ণ। প্রদৃপ্ত প্রকল্প এলাকায় বসবাসকারী জনগনের মাধ্যমে এবং তাদেরকে সাথে নিয়ে দুর্যোগের প্রভাব এবং বাঁধাগুলি মোকাবেলা করার জন্য একটি বহুমুখী পদ্ধতির উপর গুরুত্ব প্রদান করবে।

জাগোনারী PRODRIPTA প্রকল্প-এর মাধ্যমে পটুয়াখালী জেলার কলাপাড়া উপজেলায় ও রাঙ্গাবালী উপজেলায় যে কার্যক্রম বাস্তবায়ন করছে তার অন্যতম লক্ষ্য হল: জন-অন্তর্ভুক্তিমূলক দূর্যোগ প্রস্তুতী ও ঝুঁকি হ্রাস (ডিআর আর) দায়িত্বশীল প্রতিষ্ঠান ও দূর্যোগ প্রতিরোধে প্রস্তুত জনগোষ্ঠী গঠনের মাধ্যমে সার্বজনীন সহিষ্ণুতা বৃদ্ধি করা।

জাগোনারী কর্তৃক বাস্তবায়নাধীন PRODRIPTA প্রকল্প যাহা কেয়ার বাংলাদেশ-এর আর্থিক ও কারিগরি সহায়তায় পটুয়াখালী জেলার কলাপাড়া উপজেলায় ও রাঙ্গাবালী উপজেলায় কাজ করে আসছে।

JAGONARI জাগোনারী

care

সেকশনঃ ০২ বিবরণ

<table>
<tr><td>১</td><td>প্রকল্পের/ কর্মসূচীর নাম</td><td>PRODRIPTA প্রকল্প</td></tr>
<tr><td>২</td><td>কার্যসমূহ বাস্তবায়নের এলাকা সমূহ</td><td>পটুয়াখালী জেলার কলাপাড়া ও রাঙ্গাবালী উপজেলা</td></tr>
<tr><td>৩</td><td>কাজের নাম</td><td><u>Canal excavation /re-excavation</u><br>মোট-----৩-------- টি খাল।<br><br>পটুয়াখালী জেলায় গ্রাম/ইউনিয়ন ভিত্তিক কাজের সংখ্যা:
<table>
<tr><th>গ্রাম</th><th>ইউনিয়ন</th><th>উপজেলা</th><th>খালের সংখ্যা</th></tr>
<tr><td>শাপাখালী পিলঘাটা অথবা শাপাখালী স্লুইজ গেট</td><td>মিঠাগঞ্জ</td><td>কলাপাড়া</td><td>০১ (এক) টি</td></tr>
<tr><td>চরলক্ষী</td><td>চরমন্তাজ</td><td>রাঙ্গাবালী</td><td>০১ (এক) টি</td></tr>
<tr><td>ছোট বাইশদিয়া</td><td>ছোট বাইশদিয়া</td><td>রাঙ্গাবালী</td><td>০১ (এক) টি</td></tr>
</table></td></tr>
<tr><td>৪</td><td>দরপত্র সংগ্রহের পদ্ধতি</td><td>উন্মুক্ত (OTM) পদ্ধতি</td></tr>
<tr><td>৬</td><td>দরপত্র প্রকাশের তারিখ</td><td>০৬/০৪/২০২৪ ইং</td></tr>
<tr><td>৭</td><td>দরপত্র/সিডিউল প্রাপ্তি স্থান</td><td>
<table>
<tr><td>জাগোনারী<br>প্রধান কার্যালয়<br>আসাহী ম্যানশন (৩য় তলা),<br>কলেজ রোড বরগুনা।</td><td>জাগোনারী<br>প্রকল্প অফিস<br>বাহেরচর, রাঙ্গাবালী<br>পটুয়াখালী।</td><td>জাগোনারী<br>প্রকল্প অফিস<br>৪৬/৪ সানাউল্লাহ নীড়,<br>কলাপাড়া পৌরসভা, পটুয়াখালী।</td></tr>
</table></td></tr>
<tr><td>৮</td><td>দরপত্র/সিডিউল সংগ্রহ করার শেষ তারিখ ও সময়</td><td>০৮/০৪/২০২৪ থেকে ০৯/০৪/২০২৪ ও ১৫/০৪/২০২৪ থেকে ১৬/০৪/২০২৪ তারিখ পর্যন্ত প্রতি কর্মদিবস বিকাল ৯:১৫ থেকে বিকাল ৫:০০ ঘটিকার মধ্যে অথবা এই লিংক থেকে দরপত্র/সিডিউল ডাউনলোড করা যাবে:<br>https://drive.google.com/drive/folders/1QBWlBS9Pk8rx_GluSuV1KN_Wl3FUlmoh?usp=sharing</td></tr>
<tr><td>৯</td><td>দরপত্র/ সিডিউল জমা দেয়ার শেষ তারিখ ও সময়</td><td>১৭/০৪/২০২৪ ইং তারিখ ৩: ০০ ঘটিকার মধ্যে</td></tr>
<tr><td>১০</td><td>দরপত্র জমা দেয়ার ঠিকানা</td><td>
<table>
<tr><td>জাগোনারী<br>প্রধান কার্যালয়<br>আসাহী ম্যানশন (৩য় তলা),<br>কলেজ রোড বরগুনা।</td><td>জাগোনারী<br>প্রকল্প অফিস<br>বাহেরচর, রাঙ্গাবালী<br>পটুয়াখালী।</td><td>জাগোনারী<br>প্রকল্প অফিস<br>৪৬/৪ সানাউল্লাহ নীড়,<br>কলাপাড়া পৌরসভা, পটুয়াখালী।</td></tr>
</table></td></tr>
</table>

| | | |
|---|---|---|
| ১১ | দরপত্র মেয়াদকাল | **১০/০৫/২০২৪ ইং পর্যন্ত** |

**সেকশন: ০৩**

| | **দর দাতার যোগ্যতা/ধরণ** |
|---|---|
| ১ | হালনাগাদ ট্রেডলাইসেন্স/ঠিকাদারী লাইসেন্স থাকতে হবে। |
| ২ | প্রতিষ্ঠানের নামে ভ্যাট, ট্যাক্স রেজিট্রেশন থাকতে হবে। |
| ৩ | খাল খনন **কাজের** অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৪ | সংশ্লিষ্ট কাজের জন্য অভিজ্ঞতা সম্পন্ন ও প্রয়োজনীয় সংখ্যক জনবল এবং খনন যন্ত্র (Excavator Machine) থাকতে হবে। |
| ৫ | দরদাতার প্রতিষ্ঠানের নামে ব্যংক হিসাব থাকতে হবে। |
| ৬ | সংশ্লিষ্ট কাজ সম্পাদনের জন্য প্রয়োজনীয় মূলধন থাকতে হবে। |

**সেকশন: ৪**

| | **দরপত্র দাখিলের শর্তাবলী** |
|---|---|
| ১ | বর্তমান অর্থ বছরের জন্য হালনাগাদ ট্রেডলাইসেন্স এর কপি সংযুক্ত করতে হবে। |
| ২ | দরপত্রের সাথে দরদাতার হালনাগাদ ব্যাংক হিসেবের বিবরনি দিতে হবে। |
| ৩ | পূর্ব কাজের অভিজ্ঞতা সনদ দরপত্রের সাথে দাখিল করতে হবে। |
| ৪ | খাল খনন, স্থাপনা ও মেরামতের কাজের জন্য নিযুক্ত দক্ষ ও অভিজ্ঞ জনবল এর তালিকা সংযুক্ত করতে হবে। |
| ৫ | একটি **Work plan** দাখিল করতে হবে এবং **Work plan** মোতাবেক কাজ সম্পন্ন করতে হবে। |
| ৬ | প্রয়োজনীয় কাগজপত্র সহ দরপত্র "বন্ধ খামে" উল্লেখিত ঠিকানায় রক্ষিত টেন্ডার বাক্সে জমা দিতে হবে। |

**সেকশনঃ ৫**

| | **দরপত্র অনুযায়ী কাজ প্রদানের ক্ষেত্রে শর্তাবলী** |
|---|---|
| ১ | দরপত্র জমাদানের শেষ তারিখ থেকে ৭ কর্মদিবসের মধ্যে দরপত্র আহ্বানকারী কর্তৃপক্ষ প্রাপ্ত দরপত্রগুলি নির্ধারীত শর্তসাপেক্ষে যাচাই বাছাই করে সংক্ষিপ্ত তালিকাভুক্ত ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠানকে জানাবে। |
| ২ | নির্ধারীত সময়ের মধ্যে কাজ শেষ করার জন্য ইউনিয়ন ভিত্তিক একাধিক ঠিকাদার প্রতিষ্ঠান নিয়োগ দেয়া যেতে পারে । |
| ৩ | কাজের ক্ষেত্রে গুণগত মান ও Health and Safety Policy Checklist তদারকির কাজে ঠিকাদারকে অবশ্যই দরপত্র আহ্বানকারী সংস্থার সদস্যদের সর্বোতভাবে সহায়তা করতে হবে। |
| ৪ | কার্য সম্পাদনের প্রথম থেকে শেষ পর্যন্ত কোন পর্যায়েই শিশু শ্রম ব্যবহার করা যাবে না। |
| ৫ | ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠানের পক্ষে ক্রশ চেকের মাধ্যমে সফল ভাবে চুক্তি মোতাবেক সকল/ নিদিষ্ট কাজ সমাপ্ত হবার পরে বিল প্রদান করা হবে। সরকার কর্তৃক নির্ধারিত বিভিন্ন সময়ে জারীকৃত নির্দেশ মোতাবেক ঠিকাদারের বিল হতে ভ্যাট ও আয়কর কর্তন করা হবে (প্রযোজ্য ক্ষেত্রে)। |
| ৬ | দরপত্র আহ্বানকারী কর্তৃপক্ষ যে কোন সময় কোন প্রকার কারণ দর্শানো ছাড়াই যে কোন/সকল দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। |
| ৭ | নির্দেশিত সময় অনুযায়ী অবশ্যই সকল কাজ সম্পন্ন করতে হবে অন্যথায় জাগোনারী মোট বিল হতে সাপ্তাহিক ১% হারে জরিমানা কর্তন করে বিল প্রদান করবে। |
| ৮ | দরদাতা ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠান অবশ্যই জাগোনারীর সেইফগার্ডিং পলিসি মেনে চলতে বাধ্য থাকবে। |

**সংযুক্তঃ**

*বিওকিউ - A*

যোগাযোগঃ দরপত্র সংক্রান্ত কোন বিষয়ে অস্পষ্টতা থাকলে তা জানার জন্য নিম্নোক্ত ফোন নম্বরে অফিস সময়ে যোগাযোগ করা যাবে ।

**ফোন নম্বরঃ ০১৭১৬-০৩৬৮৫৩ অথবা ০১৭১৮-৮০১০০৭**

**------------------------------------x------------------------------------------------**